দৈনিক বাংলা

তারিখ ... 23 DEC 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

40

# পাঠ্যপুস্তক মুদ্রণ স্থগিত রাখার নির্দেশ প্রত্যাহার

।। স্টাফ রিপোর্টার ।।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ষষ্ঠ থেকে নবম দশম শ্রেণীর সকল পাঠ্যপুস্তকের মুদ্রণ স্থগিত

(শেষ পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## পাঠ্যপুস্তক মুদ্রণ

(প্রথম পৃঃ পর)

রাখার নির্দেশ প্রত্যাহার করেছে।

এর আগে গত ১৯শে ডিসেম্বর পাঠ্যপুস্তক মুদ্রণ স্থগিত রাখার নির্দেশ দেয়া হয়েছিল। গতকাল পাঠ্যপুস্তক বোর্ডের সদস্য এম, হোসেন, আলী পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতিকে প্রদত্ত চিঠিতে পূর্ববর্তী নির্দেশ প্রত্যাহারের কথা সরাসরি বলেননি। চিঠিতে তিনি লেখেন, ষষ্ঠ থেকে দশম শ্রেণীর পাঠ্যপুস্তক যাতে সারা দেশের ছাত্র–ছাত্রীরা সময়মত পায় তার জন্য জরুরী ভিত্তিতে বই ছেপে বাজারজাত করার বিশেষ অনুরোধ করা যাচ্ছে।

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ অবিলম্বে বই ছাপার কাজ আবার শুরু করা হচ্ছে। পুনরাদেশ এর ফলে, এর আগে মুদ্রিত ষষ্ঠ থেকে নবম–দশম শ্রেণীর বিভিন্ন বিষয়ের মজুদ বই বিক্রিতে কোন বাধা থাকবে না।